দৈনিক বাংলা

তারিখ 20 NOV 1988
পৃষ্ঠা 6 কলাম 4

009

# বগুড়া পলিটেকনিক ছাত্রাবাসে হামলা

(নিজস্ব সংবাদদাতা)

বগুড়া ১৭ই নবেম্বর।— পূর্বের ঘটনার জের হিসাবে বুধবার দিবাগত রাত সাড়ে ৯টায় একদল সশস্ত্র বহিরাগত পলিটেকনিক ছাত্রাবাসে অতর্কিত হামলা চালায়। হামলাকারীরা এলোপাতাড়ি ককটেল ফাটিয়ে ত্রাসের সৃষ্টি করে। এ অবস্থায় ছাত্ররা প্রতিরোধের চেষ্টা করে এবং তারাও পাল্টা ককটেল নিক্ষেপ করে। উভয় পক্ষের প্রায় ২৫০টি ককটেল ব্যবহৃত হয়। এ খবর পেয়ে সদর থানা পুলিশ ঘটনাস্থলে গেলে পরিস্থিতি শান্ত হয়।

বহিরাগতরা পালানোর চেষ্টা করলে পুলিশ ২ জনকে গ্রেফতার করে। এ দু'জনের নাম মঞ্জুর ও শামীম। এরা দু'জনই বগুড়া আজিজুল হক কলেজের ২য় বর্ষের ছাত্র বলে জানা গেছে।